

দাণ্ডায়  
শিশু পুরস্কার  
প্রতিযোগিতা  
২০২২ ও ২০২৩

কবিতা আবৃত্তি ও চিত্রাংকনের  
জন্য নির্ধারিত বিষয়  
(সংশোধিত)



বাংলাদেশ শিশু একাডেমি

দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০

[www.shishuacademy.gov.bd](http://www.shishuacademy.gov.bd)



## আবৃত্তির জন্য নির্ধারিত কবিতা ২০২২

ক বিভাগ

আমাদের এই বাংলাদেশ  
সৈয়দ শামসুল হক

সূর্য ওঠার পূর্বদেশ  
বাংলাদেশ!

আমার প্রিয় আপন দেশ বাংলাদেশ!  
আমাদের এই বাংলাদেশ!

কবির দেশ বীরের দেশ  
আমার দেশ স্বাধীন দেশ  
বাংলাদেশ!

ধানের দেশ গানের দেশ  
তেরোশত নদীর দেশ  
বাংলাদেশ!

আমার ভাষা বাংলা ভাষা  
মা শেখালেন মাতৃভাষা  
মিষ্টি বেশ!

মনের ভাষা জনের ভাষা  
এই ভাষাতে ভালোবাসা  
মায়ের দেশ!

মায়ের দেশ ভায়ের দেশ  
কোন সে দেশ?  
বোনের দেশ পিতার দেশ  
সে কোন দেশ?

বাংলাদেশ!  
আমাদের এই বাংলাদেশ!



খ বিভাগ ২০২২

ঘুমপাড়ানি  
আবুল হোসেন

ঝর ঝর ঝর বৃষ্টি পড়ে  
সবুজ ঘাসে নদীর চরে  
ধানের ক্ষেতে টিনের ঘরে  
এই তো দিলাম চুমো,  
খোকনমণি ঘুমো ।

ঝির ঝির ঝির পাতা নড়ে,  
দুপুর রাতের রাস্তা ধরে  
যাচ্ছে কারা পালকি চড়ে?  
এই তো দিলাম চুমো,  
খোকনমণি ঘুমো ।

আকাশ গাঙে নৌকা বেয়ে  
তারা, পালে জোছনা পেয়ে  
গান ধরেছে চাঁদের মেয়ে ।  
এই তো দিলাম চুমো,  
খোকনমণি ঘুমো ।

মনের বনে ঘুমের ঘরে  
ঝর ঝর ঝর বৃষ্টি পড়ে,  
ঝির ঝির ঝির পাতা নড়ে ।  
এই তো দিলাম চুমো,  
খোকনমণি ঘুমো ।



গ বিভাগ ২০২২

এই অক্ষরে

মহাদেব সাহা

এই অক্ষর যেন নির্ঝর  
ছুটে চলে অবিরাম  
যেন কিছু তারা দিচ্ছে পাহারা  
আকাশেতে লিখে নাম।

অক্ষরগুলি চায় মুখ তুলি  
অন্তরে জাগে গান,  
শিখি তার কাছে অজানা যা আছে  
আনন্দে ভরে প্রাণ;

এই অক্ষরে মাকে মনে পড়ে  
মন হয়ে যায় নদী,  
আর কিছু তাই পাই বা না পাই  
চিঠিখানা পাই যদি।

সেই উপমায় মন ভরে যায়  
দেখি অপরূপ ছবি-  
সকাল দুপুর সুরের নূপুর  
বাজায় উদাস কবি।

এই অক্ষরে ডাক নাম ধরে  
ডাক দেয় বুঝি কেউ,  
স্বপ্নের মতো রূপকথা যতো  
অন্তরে তোলে ঢেউ।

এই অক্ষর আত্মীয়-পর  
সকলেরে কাছে টানে,  
এই প্রিয় ভাষা বুকে দেয় আশা  
বিমোহিত করে গানে।

এই অক্ষরে কঠিন পাথরে  
শিলালিপি লেখা হয়,  
এই ভাষা দিয়ে গান লিখে নিয়ে  
যুদ্ধ করেছে জয়।







খ বিভাগ ২০২৩

প্রশ্ন  
শামসুর রাহমান

আচ্ছা ঐ যে অনেক দূরে  
কী-যে একটা যাচ্ছে দেখা,  
তাকে তুমি বলবে নদী  
নাকি শুধুই কালো রেখা?

ঐ যে দূরে আকাশ জুড়ে  
জ্বলছে যেন মটরদানা,  
সত্যি করে বলো তো আজ  
ওদের নাম কি তোমার জানা?

গলির মোড়ে হঠাৎ দেখি  
উঠল ফুটে অনেক ফুল—  
সত্যি একি ফুলের মেলা  
নাকি আমার চোখের ভুল?

নিশুতরাতে ঘুম ভেঙে যায়,  
চোখে পড়ে পরির নাচ!  
ওরা সবাই পরি নাকি  
হাওয়ার দোলায়-কাঁপা গাছ?

ঐ যে মেঘে যাচ্ছে মিশে  
পক্ষিরাজের শাদা ডানা,  
সত্যি ওটা ঘোড়া নাকি  
দুখেল মেঘের ছোট্ট ছানা?



গ বিভাগ ২০২৩

মেঘনায় ঢল  
হুমায়ুন কবীর

শোন্ মা আমিনা, রেখে দেরে কাজ তুরা ক'রে মাঠে চল,  
এলো মেঘনায় জোয়ারের বেলা, এখনি নামিবে ঢল।  
নদীর কিনারা ঘন ঘাসে ভরা,  
মাঠ থেকে গোরু নিয়ে আয় তুরা,  
করিস না দেরি আসিয়া পড়িবে সহসা অথই জল  
মাঠ থেকে গোরু নিয়ে আয় তুরা মেঘনায় নামে ঢল।

এখনো তো মেয়ে আসে নাই ফিরে দুপুর যে ব'য়ে যায়,  
ভরা জোয়ারের মেঘনার জল কূলে কূলে উছলায়।  
নদীর কিনার জলে একাকার  
যেদিকে তাকাই অথই পাথার-  
দেখ্ তো গোহালে গোরুগুলি রেখে গেছে কি ও পাড়ায়?  
এখনো ফিরিয়া আসে নাই সে কি? দুপুর যে ব'য়ে যায়।

ভর-বেলা গেলো, ভাটা পড়ে আসে আঁধার জমিছে আসি-  
এখনো তবুও এলো না ফিরিয়া আমিনা সর্বনাশী।  
দেখ্ দেখ্ দূরে মাঝ-দরিয়ায়  
কালো চুল যেন ঐ দেখা যায়  
কাহার শাড়ির আঁচল-আভাস সহসা উঠিছে ভাসি?  
আমিনারে মোর নিল কি টানিয়া মেঘনা সর্বনাশী?



ক. চিত্রাংকন : ২০২২-এর জন্য প্রযোজ্য (ৱঙের মাধ্যম উনুজ)

বিষয়	বিভাগ	পুরস্কারের সংখ্যা
আমাদের স্কুল	ক বিভাগ	৩টি
পানি ও জীবন-প্রকৃতি	খ বিভাগ	৩টি
উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ	গ বিভাগ	৩টি

খ. চিত্রাংকন : ২০২৩-এর জন্য প্রযোজ্য (ৱঙের মাধ্যম উনুজ)

বিষয়	বিভাগ	পুরস্কারের সংখ্যা
আমাদের শহরে সবুজায়ন	ক বিভাগ	৩টি
বিজ্ঞানের দুনিয়া	খ বিভাগ	৩টি
জলবায়ু পরিবর্তন	গ বিভাগ	৩টি